



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.১২০০.০৪২.৯৯.০২০.১৭.১৩১১

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯  
৩০ জুন ২০২২


### আদেশ

ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার অন্তর্গত নবীনগর মৌজায় জেলা পরিষদের নিজস্ব ভূমিতে সেলামীর অর্থ দ্বারা মার্কেট নির্মাণের প্রস্তাবটি যাচাইপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

- |  |              |
|--|--------------|
| ১. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম            | - আহ্বায়ক   |
| ২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া  | - সদস্য      |
| ৩. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ব্রাহ্মণবাড়িয়া  | - সদস্য      |
| ৪. উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর                | - সদস্য      |
| ৫. সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া | - সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:** কমিটি গৃহীত প্রকল্পের সম্ভাব্যতা যাচাই, প্রাপ্ত অর্থ দ্বারা নির্মাণ ব্যয়ের সম্ভাব্যতা/ সুযোগ, পরিবেশ সংক্রান্ত সম্ভাব্য ক্ষতি/ দূষণ, বাণিজ্যিক লাভক্ষতি, যানজট, জমির মালিকানা, জায়গা সংক্রান্ত মামলা/ মোকদ্দমা (যদি থাকে) প্রভৃতি বিষয় এ বিভাগের ২৮ নভেম্বর ২০০২ তারিখের ২১৫৮নং স্মারক মূলে জারিকৃত নীতিমালার আলোকে মতামতসহ প্রতিবেদন প্রদান করবে।

- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব  
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

নম্বর : ৪৬.০০.১২০০.০৪২.৯৯.০২০.১৭.১৩১১

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯  
৩০ জুন ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ব্রাহ্মণবাড়িয়া।
৯. উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর।
১০. সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।
১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব